দৈনিক
ইনকিলাব

তারিখ ... 9 MAR 2009 ...
পৃষ্ঠা ... ৮ ২ কলাম ... ৩ ...

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটি নিয়ে নতুন আইন হচ্ছে

## স্থায়ী কমিটির বৈঠক অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির কাঠামো ও তার কার্যাবলী নির্ধারণ করে নতুন আইন করা হচ্ছে। গতকাল জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিতে এ ব্যাপারে আলোচনা অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি রাশেদ খান মেনন সভায় সভাপতিত্ব করেন। সভায় স্কুল, কলেজ ও মাদ্রাসার জন্য ইতোপূর্বে জারিকৃত বিভিন্ন সার্কুলার-এর ভিত্তিতে পৃঃ ২ কঃ ৪

### বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান

১২-এর পৃষ্ঠার পর

গঠিত কমিটির বিভিন্ন রূপরেখা নিয়ে আলোচনা করা হয়। সভায় গণতান্ত্রিক রীতি-নীতি ও বর্তমান সরকারের ঘোষিত নির্বাচনী ইশতেহারের আলোকে কমিটির রূপরেখা ও কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং কমিটির বিবেচনার জন্য তা দাখিল করার ওপর জোর দেয়া হয়। সভায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর বিল ২০০৯ ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল বিল ২০০৯-এর ওপরও বিস্তারিত আলোচনা করা হয়। সভার শুরুতে গত ২৫ ফেব্রুয়ারী ঢাকার পিলখানার নৃশংস ঘটনায় শহীদ সেনা কর্মকর্তাদের রূহের মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়। কমিটির সদস্য ও শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, হুইপ মীর্জা আজম, বীরেন সিকদার, শেখ আব্দুল ওহাব, মোঃ শাহ আলম, মুঃ জিয়াউর রহমান ও কাজী ফারুক কাদের সভায় যোগদান করেন। শিক্ষা সচিব সৈয়দ আতাউর রহমান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর ভিসি মেজর জেনারেল শফিক, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব ময়েজউদ্দিন আহমেদ, আইন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব সুলতানা নাসিরা খান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক ডঃ লিয়াকত আলী খান সভায় উপস্থিত ছিলেন।